গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ২০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৬৮

**বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি হচ্ছে। এর প্রভাবে বাংলাদেশের উপকূলীয় এলাকা, উত্তর বঙ্গোপসাগর ও সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।
চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর (পুনঃ) তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।
উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ০৫ অক্টোবর ২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ারপূর্বাভাসঃ**

রংপুর, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ফরিদপুর, ঢাকা, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। ভারী বৃষ্টিপোতের পূবভাসঃ**
সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ০৫ অক্টোবর, ২০২৪ তারিখ সকাল ৯.০০টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় ভারী (৪৪-৮৮মিলি/২৪ ঘন্টা) থেকে অতি ভারী (≤ ৮৯ মিলি/ ২৪ ঘন্টা) হতে পারে। ভারী বৃষ্টিপাতের কারণে চট্টগ্রাম বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

**৪। আজ ০৫ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশ-পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় একটি লঘুচাপ অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের প্রবল অবস্থায় রয়েছে।
**পূর্বাভাসঃ**
**প্রথম দিন (০৫.১০.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, খুলনা ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**দ্বিতীয় দিন (০৬.১০.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায়; রাজশাহী, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের সামান্য বৃদ্ধি পেতে পারে।

**তৃতীয় দিন (০৭.১০.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; ঢাকা, খুলনা ও বরিশাল বিভগের কিছু কিছু জায়গায় এবং ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের সামান্য বৃদ্ধি পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.৫ | ৩৩.০ | ২৯.৮ | ২৭.৫ | ৩২.৫ | ৩১.৫ | ৩৩.৩ | ৩২.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.০ | ২৫.৩ | ২৩.৫ | ২৪.৫ | ২৪.২ | ২৪.০ | ২৪.০ | ২৪.৫ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল কয়রা ৩৩.৩$^{0}$ সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সৈয়দপুর ২৩.৫$^{0}$ সে।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**৫। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**
(২০ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ অক্টোবর ২০২৪ খ্রিঃ)

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

- ময়মনসিংহ বিভাগের কংস, সোমেশ্বরী, জিঞ্জিরাম ও পুরাতন ব্রহ্মপুত্র নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে ভুগাই নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে। বর্তমানে শেরপুর জেলার ভুগাই নদী নাকুয়াগাঁও ও জামালপুর জেলার জিঞ্জিরাম নদী গোয়ালকান্দা পয়েন্টে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত ময়মনসিংহ বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে। এর প্রেক্ষিতে, আগামী ২৪ ঘন্টা পর্যন্ত ভুগাই- কংস, জিঞ্জিরাম ও সোমেশ্বরী নদীসমূহের পানি সমতল ধীর গতিতে বৃদ্ধি পেতে পারে। এর প্রেক্ষিতে, আগামী ২৪ ঘন্টা পর্যন্ত ভুগাই-কংস ও জিঞ্জিরাম নদী তীরবর্তী শেরপুর, জামালপুর, এবং ময়মনসিংহ জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে এবং নেত্রকোণা জেলার কংস নদের পানি সমতল বিপদসীমা অতিক্রম করে কতিপয় নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে। পরবর্তি ০২ দিনে নদী সমূহের পানি সমতল হ্রাস পেয়ে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে এবং জেলাসমূহের নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসতে পারে।
- সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ২৪ ঘন্টা পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে, যার প্রেক্ষিতে আগামী ০২ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে। পরবর্তী ০১ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- সিলেট বিভাগের অন্যান্য প্রধান নদীসমূহ— সারিগোয়াইন ও যাদুকাটা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে মনু, খোয়াই ও ধলাই নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে। এর প্রেক্ষিতে, আগামী ২৪ ঘন্টা পর্যন্ত সিলেট বিভাগের এই সকল নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, পরবর্তি ০১ দিন স্থিতিশীল এবং পরবর্তি ০১ দিন হ্রাস পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- চট্টগ্রাম বিভাগের গোমতী, সাঙ্গু, মুহুরী, হালদা, ফেনী ও মাতামুহুরী নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০২ দিন পর্যন্ত চট্টগ্রাম বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে, যার প্রেক্ষিতে চট্টগ্রাম বিভাগের এই সকল নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে। পরবর্তি ০১ দিন এই সকল নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্যানুযায়ী, বাংলাদেশ ও তৎসংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ বিরাজমান রয়েছে। এর প্রেক্ষিতে আগামী ০৩ দিন পর্যন্ত বরিশাল ও খুলনা বিভাগের উপকূলীয় নদীসমূহে স্বাভাবিকের থেকে অধিক উচ্চতার জোয়ার এবং কিছু স্থানে ভারী বৃষ্টিপাত (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) পরিলক্ষিত হতে পারে।

- রংপুর বিভাগের ব্রহ্মপুত্র নদ ও তার ভাটিতে যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০৫ দিন পর্যন্ত নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- রাজশাহী বিভাগের গঙ্গা নদীর ও তার ভাটিতে পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল ধীর গতিতে বৃদ্ধি পেতে পারে, পরবর্তী ০২ দিন স্থিতিশীল এবং পরবর্তী ০২ দিন হ্রাস পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- রংপুর বিভাগের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত তিস্তা নদীর পানি সমতল ধীর গতিতে বৃদ্ধি পেতে পারে এবং পরবর্তি ০১ দিন স্থিতিশীল এবং পরবর্তি ০১ দিন হ্রাস পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে। অপরদিকে, আগামী ২৪ ঘন্টায় ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং পরবর্তি ০২ দিন ধীর গতিতে হ্রাস পেতে পারে, তবে এ সময়ে নদীসমূহ বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- রাজশাহী, রংপুর বিভাগ ও তৎসংলগ্ন উজানে, আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০২ দিন পর্যন্ত ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে, যার প্রেক্ষিতে এ সময়ে রাজশাহী, রংপুর বিভাগের প্রধান নদীসমূহ- আপার আত্রাই, আপার করতোয়া, পূনর্ভবা, ঘাঘট, ইছামতি-যমুনা, টাঙন ও যমুনেশ্বরী নদী সমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে। পরবর্তি ০১ দিন নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- ঢাকা জেলা এবং এর নিকটবর্তী প্রধান নদীসমূহ- বুড়িগঙ্গা, টঙ্গী খাল, তুরাগ ও বালু নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০২ দিন পর্যন্ত ঢাকা বিভাগে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে। এর প্রেক্ষিতে, আগামী ০৩ দিন পর্যন্ত এসকল নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:**

| বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| ভুগাই | নাকুয়াগাঁও | শেরপুর | ২১.৯৫ | ২১.৯৬ | -১৭১ | +০১ |
| নীল-জিঞ্জিরাম | গোয়ালকান্দা | জামালপুর | ১৯.১৫ | ১৯.৪০ | +৫৪ | +২৫ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| জারিয়াজাঞ্জাইল (নেত্রকোনা) | ২৫০.০ | চাঁদপুর | ২১১.০ | দূর্গাপুর (নেত্রকোনা) | ১৮৬.০ |
| কুড়িগ্রাম | ১৭৭.০ | বরিশাল | ১৫৩.০ | সিলেট | ১২৮.০ |
| মহেশখোলা (সুনামগঞ্জ) | ১১৪.০ | মাদারীপুর | ১০৭.০ | ঢাকা | ১০২.০ |
| নাকুয়াগাঁও (শেরপুর) | ১০০.০ | লালাখাল (সিলেট) | ৯১.০ | জাফলং (সিলেট) | ৯১.০ |
| চিলমারী (কুড়িগ্রাম) | ৮৩.০ | নরসিংদী | ৮৩.০ | ময়মনসিংহ | ৮১.০ |
| টাঙ্গাইল | ৭৮.০ | সুনামগঞ্জ | ৭৫.০ | কাউনিয়া (রংপুর) | ৫৮.০ |
| পটুয়াখালী | ৫৬.০ | পাটেশ্বরী (কুড়িগ্রাম) | ৫৪.০ | ভাগ্যকূল (মুন্সিগঞ্জ) | ৫১.০ |
| জামালপুর | ৫০.০ | ভৈরব বাজার | ৪৮.০ | টেকনাফ (কক্সবাজার) | ৪৬.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| চেরাপুঞ্জি (মেঘালয়) | ১৪১.০ | সুনামুরা (ত্রিপুরা) | ৬৭.০ |
| কোচবিহার (পশ্চিম বঙ্গ) | ৬৩.০ | সিলচর (আসাম) | ৫৫.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১১৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৮১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৩২ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৩ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ০২ |
| **পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের তথ্যের ভিত্তিতে** | | | |
| **বিপদসীমার উপরে জেলার সংখ্যা** | ০২ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০২ |
| **বিপদসীমার উপরে নদীসমূহের নাম** | ভুগাই, নীল-জিঞ্জিরাম | | |

**৬। অতিবৃষ্টিজনিত কারণে সৃষ্ট বন্যা পরিস্থিতিঃ**

**শেরপুরঃ** গত কয়েকদিনের বৃষ্টিপাতের ফলে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়েছে। জেলার নালিতাবাড়ী উপজেলার নকুয়াগাঁও পয়েন্টে ভুগাই নদীর পানি বৃদ্ধি পেয়ে গতকাল বিপদসীমার ১৭২ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছিল। অদ্য ০৫/১০/২০২৪খ্রিঃ তারিখ সকাল ৯.০০টার তথ্য অনুযায়ী ভুগাই নদীর পানি ১৭১ সে.মি. হ্রাস পেয়ে বর্তমানে বিপদসীমার ০১ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এদিকে নদীর পানি বৃদ্ধির ফলে ঝিনাইগাতী উপজেলার মহারশি নদীর ৪টি পয়েন্টে (খৈলকুড়া, পূর্বদীঘির পাড়, পশ্চিমদীঘির পাড় এবং দীঘির পাড় সংলগ্ন) এবং নালিতাবাড়ী উপজেলায় চিল্লাখালী নদীর বাধেঁর ২টি জায়গায় (সন্নাসীভিটা ও পোড়াগাঁও) ভেংগে গেছে। এর মধ্যে কয়েকটি পয়েন্টে বাধেঁর মেরামত কাজ চলমান ছিল। বাঁধ ভাংগার ফলে জেলার ৩টি উপজেলার (ঝিনাইগাতী, নালিতাবাড়ী ও শ্রীবর্দি) ১৭টি ইউনিয়নের মোট ১৫,০০০ লোক পানিবন্দি হয়ে পড়েছে। ৬০,০০০ লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। নালিতাবাড়ী উপজেলায় ৩ জন মারা গেছে, এদের মধ্যে ১ জন পুরুষ ও ২ জন নারী। নালিতাবাড়ী, ঝিনাইগাতী ও শ্রীবর্দি উপজেলায় মোট ১৭৪টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। নালিতাবাড়ী উপজেলায় ৮৪০ জন ও ২৫০ টি গবাদিপশু আশ্রয়কেন্দ্রে আশ্রয় গ্রহণ করেছে। জেলা প্রশাসন কর্তৃক ত্রাণ কার্যক্রম চলমান রয়েছে।

**ময়মনসিংহঃ** জেলার নেতাই নদীর পানি বিপদসীমার উপর ১৪২ সে.মি. উপর দিয়ে এবং ব্রহ্মপুত্র নদের পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। গত কয়েকদিনের বৃষ্টিপাতের ফলে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলার ১৯টি ইউনিয়নের ৩০,৭০০ পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। এতে ১,০৩,৫০০ লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। হালুয়াঘাট উপজেলায় মোট ৪ টি আশ্রয়কেন্দ্রে ৭৬৩ জন এবং ১৬০টি গবাদিপশু আশ্রয় নিয়েছে। ধোবাউড়া উপজেলায় ২টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে, তবে আশ্রয়কেন্দ্রে আসার মত পরিস্থিতি তৈরী হয়নি। পানির চাপে হালুয়াঘাট সদর ইউনিয়নে পূর্ব গোবড়াকুড়া গ্রামে কুসুন্দরা নদীর উপরের ব্রীজ পড়ে গেছে এবং বৈচাপুর ইউপি'র মাইজপাড়া গ্রামে ০১টি ও ধুবাইল ইউপি'র ঘঙিয়াজুড়ি ব্রীজের মাটি সরে যাওয়ায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে।

**৭। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৪ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৫ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭। | খুলনা | ১ | ০ | ০ |
| ৮। | রংপুর | ১ | ০ | ০ |
| | **মোট** | **০৯** | **০** | **০** |

০৫-১০-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৬৮/১ (১১)

তারিখ: ২০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;
৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৫। বিভাগীয় কমিশনার (সকল);
৬। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৭। জেলা প্রশাসক (সকল);
৮। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। প্রোগ্রামার (চলতি দায়িত্ব ), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং
১১। সহকারী পরিচালক (সকল)।

০৬-১০-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা